বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড
BANGLADESH DEVELOPMENT BANK LIMITED
(A STATE OWNED SPECIALIZED COMMERCIAL BANK)

আইটি সিস্টেম ডিপার্টমেন্ট

নং-১১.৩/২৪২/ ৫০৯

২০ সেপ্টেম্বর, ২০২০
৫ আশ্বিন, ১৪২৭

চিফ ইনোভেশন অফিসার
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
অর্থ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

**বিষয় ঃ আর্থিক প্রতিষ্ঠান বিভাগ ও এর আওতাধীন সংশ্লিষ্ট দপ্তর/সংস্থাসমূহের ইনোভেশন টিমের সদস্যদের অংশগ্রহণে ২০২০-২১ অর্থবছরের ইনোভেশন কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত ১ম সভার কার্যবিবরণী।**

মহোদয়

উপর্যুক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা হ'ল।

২। ৯/৯/২০২০ তারিখে অনুষ্ঠিত আর্থিক প্রতিষ্ঠান বিভাগ ও এর আওতাধীন সংশ্লিষ্ট দপ্তর/সংস্থাসমূহের ইনোভেশন টিমের সদস্যদের অংশগ্রহণে ২০২০-২১ অর্থবছরের ইনোভেশন কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত ১ম সভায় গৃহীত সিদ্ধান্ত মোতাবেক ব্যাংকের উদ্ভাবনী উদ্যোগ/ধারণার বিবরণ সম্বলিত রাইট-আপ এতদসংগে প্রেরণ করা হ'ল।

শ্রদ্ধান্তে

আপনার বিশ্বস্ত

20.09.2020
(পরিতোষ সরকার)
জেনারেল ম্যানেজার ও
ইনোভেশন অফিসার
ফোনঃ ৯৫৫১৮৪২
ই মেইল: gm_it@bdbl.com.bd

সংযুক্তিঃ বর্ণনামতে।


**বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড**
**হেড অফিস, ঢাকা।**
**বিষয়: উদ্ভাবনী ধারণার তথ্য।**

১. উদ্ভাবনী ধারণার শিরোনামঃ BDBL Law Suit Management and Monitoring System.


২. পরিচিতিঃ উক্ত সিস্টেম/সফটওয়্যার এর মাধ্যমে ব্যাংকের খেলাপী ঋণ গ্রহীতাদের বিরুদ্ধে পাওনা আদায়ের জন্য ব্যাংক কর্তৃক দায়েরকৃত মামলা, উচ্চ ও নিম্ন আদালতে বিচারাধীন মামলা, নিস্পত্তিকৃত মামলা, সংশ্লিষ্ট মামলা পরিচালনাকারী আইনজীবী, মামলার তারিখ, দাবিকৃত অর্থের পরিমান ইত্যাদির বিস্তারিত বিবরণের হালনাগাদ তথ্য প্রাপ্তি, ব্যবস্থাপনা ও পর্যবেক্ষণ সহজতর হবে।

৩. উদ্দেশ্যঃ ব্যাংকের Law Suit Management and Monitoring System সহজীকরণ।

৪. কর্মপদ্ধতিঃ উক্ত সিস্টেমটি বাস্তবায়নের জন্য একটি ডেটাবেজ তথা সফটওয়্যার ডেভেলপ করা হয়েছে। উক্ত সফটওয়্যারে ব্যাংকের খেলাপী ঋণ গ্রহীতাদের বিরুদ্ধে পাওনা আদায়ের জন্য ব্যাংক কর্তৃক দায়েরকৃত মামলা, উচ্চ ও নিম্ন আদালতে বিচারাধীন মামলা, নিস্পত্তিকৃত মামলা, সংশ্লিষ্ট মামলা পরিচালনাকারী আইনজীবী, মামলার তারিখ, দাবিকৃত অর্থের পরিমান ইত্যাদির বিস্তারিত বিবরণের হালনাগাদ তথ্য সংরক্ষণ করা হবে। ব্যাংকের সংশ্লিষ্ট অফিস/ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষ উক্ত সফটওয়্যারের মাধ্যমে ব্যাংকের মামলা সম্পর্কিত হালনাগাদ তথ্য গ্রহণ/প্রদান, ব্যবস্থাপনা ও পর্যবেক্ষণ করতে পারবে। এছাড়াও, উক্ত সিস্টেম এর মাধ্যমে মামলা সম্পর্কিত আইজীবী ও সংশ্লিষ্ট অফিসের কর্মকর্তাকে হাজিরা সম্পর্কিত হালনাগাদ তথ্য মোবাইল এসএমএস এর মাধ্যমে অবহিত করা যাবে।





চিত্র-১ঃ BDBL Law Suit Management and Monitoring System ড্যাশবোড´।





| # | শাখা/অফিস | প্রকল্প সনাক্তকারি নং | প্রকল্পের নাম/ ঋণ গ্রহিতার নাম | অবলোপনকৃত টাকা | সংশোধন |
|---|---|---|---|---|---|
| ১ | হেড অফিস | নুর ০১ | কাজী টেক্সটাইল লিঃ, মাসজিদা, চট্টগ্রাম | ১৬,২৫,৩১,০০০.০০ | |
| ২ | হেড অফিস | নুর ০২ | স্বপ্না টেক্সটাইল মিলস লিঃ মুক্তারপুর, মুন্সিগঞ্জ। | ২৭,১৯,৪৬,০০০.০০ | |
| ৩ | আগ্রাবাদ | নুর ০৩ | মেসার্স গিজার্বু ষ্টীলস লিঃ, চট্টগ্রাম | ৮,১৭,৭১,০০০.০০ | |
| ৪ | বগুড়া | নুর ০৪ | নর্থ বেঙ্গল সিলিকেট ইন্ডাঃ (প্রাঃ) লিঃ, বগুড়া | ৪৪,৯৬,০০০.০০ | |
| ৫ | হেড অফিস | নুর ০৫ | ওয়াসি লেদার কমপ্লেক্স লিঃ, ঢাকা | ১,১৪,২৮,০০০.০০ | |
| ৬ | হেড অফিস | কামাল ৬ | মেসার্স কোষ্টাল ফিস এন্ড ফ্রগলেগস (এক্সপোর্ট) লিঃ | ২৪,৭০,৯০,০০০.০০ | |
| ৭ | হেড অফিস | বন্দনা ১ | রংপুর উীস্ট্রিলারীজ এন্ড কেমিক্যালস লিঃ | ১৫,২৬,৬০,০০০.০০ | |

চিত্র-২ঃ মামলাধীন প্রকল্পের ইনপুট ফরম।

৫. উপকারিতা/সুফলঃ ব্যাংকের মামলা ও মামলা পরচালনাকারী আইনজীবীর বিস্তারিত ও হালনাগাদ ডেটাবেজ মেইন্টেইন করা সহজতর হবে। এছাড়াও, উক্ত সিস্টেম এর মাধ্যমে ব্যাংকের সংশ্লিষ্ট অফিস/ব্যবস্থাপনা কর্তৃপক্ষ উক্ত সফটওয়্যারের মাধ্যমে ব্যাংকের মামলা সম্পর্কিত হালনাগাদ তথ্য গ্রহণ/প্রদান, ব্যবস্থাপনা ও পর্যবেক্ষণ করতে পারবে। এছাড়াও, উক্ত সিস্টেম এর মাধ্যমে মামলা সম্পর্কিত আইজীবী ও সংশ্লিষ্ট অফিসের কর্মকর্তাকে হাজিরা সম্পর্কিত হালনাগাদ তথ্য মোবাইল এসএমএস এর মাধ্যমে অবহিত করা হবে। আলোচ্য ডেটাবেজ তথা সফটওয়্যার ব্যাংকের খেলাপী ঋণের পরিমান হ্রাসকরণে সহায়ক ভূমিকা রাখতে পারে।




চিত্র-৩ঃ আইনজীবীর তথ্য ইনপুট ফরম।




চিত্র-৪ঃ আদালত/ব্রাঞ্চ ভিত্তিক মামলার তথ্য সম্পর্কিত প্রতিবেদন ফরম।

৬. বাস্তবায়ন ও পরিচালন ব্যয়ঃ উক্ত সফটওয়্যারটি ব্যাংকের নিজস্ব প্রোগ্রামারগণ তৈরী করেছেন এবং ব্যাংকের বিদ্যমান হার্ডওয়্যার ব্যবহার করা হয়েছে বিধায় এর কোন বাস্তবায়ন ও পরিচালনা ব্যয় নেই।

৭. বাস্তবায়ন সময়কালঃ পাইলটিং ইতোমধ্যে সম্পন্ন করা হয়েছে। বর্তমানে ডাটা এন্ট্রির কাজ চলছে এবং শীঘ্রই শতভাগ বাস্তবায়ন সম্পন্ন করা হবে।

**৮. প্রত্যাশিত ফলাফল (TCV)**

| | সময় | খরচ | যাতায়াত |
|---|---|---|---|
| আইডিয়া বাস্তবায়নের আগে | ৫ – ৮ দিন | ৫০০/- | ১- ২ বার |
| আইডিয়া বাস্তবায়নের পরে | ১ দিন | ৫০/- | লাগবেনা। |
| আইডিয়া বাস্তবায়নের ফলে সেবাগ্রহিতার প্রত্যাশিত বেনিফিট (TCV হ্রাস) | ৪ - ৭ দিন | ৪৫০/- | ১- ২ বার |

৯. সম্প্রসারণের সুযোগ (যদি থাকে) অন্যান্য ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান কাস্টমাইজ করে ব্যবহার করতে পারবে।

১০. সম্ভাব্য ঝুঁকিঃ এটি সর্ম্পূণ একটি নিরাপদ সিস্টেম। এতে কোন ধরনের ঝুঁকি নেই।

**ধারণা প্রদানকারী কর্মকর্তা/কর্মচারীর নাম ও পদবীঃ**

১. জনাব পরিতোষ সরকার, জেনারেল ম্যানেজার, ইনফরমেশন টেকনোলজি এন্ড রিস্ক ম্যানেজমেন্ট ডিভিশন, হেড অফিস, ঢাকা।
২. জনাব মোঃ নজরুল ইসলাম, ডেপুটি জেনারেল ম্যানেজার, আইটি অপারেশন ডিপার্টমেন্ট, হেড অফিস, ঢাকা।
৩. জনাব মোঃ নূর উদ্দিন চৌধুরী, সিনিয়র প্রিন্সিপাল অফিসার, ডেট কালেকশন ডিপার্টমেন্ট, হেড অফিস, ঢাকা।
৪. জনাব মোঃ সালেহ উদ্দিন মাহমুদ সৈকত, সিনিয়র প্রিন্সিপাল অফিসার, বাজেট ডিপার্টমেন্ট, হেড অফিস, ঢাকা।
৫. জনাব মোঃ নূরুল ইসলাম, প্রিন্সিপাল অফিসার, আইটি সিস্টেম ডিপার্টমেন্ট, হেড অফিস, ঢাকা।
৬. জনাব মোঃ হাবিব উল্যা মিলন, প্রিন্সিপাল অফিসার, আইটি সিস্টেম ডিপার্টমেন্ট, হেড অফিস, ঢাকা।